খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ
খুলনা।
www.kda.gov.bd

স্মারক নং ২৫.৪১.০০০০.০০৪.০১.০৭৩.১৩- ৭০৩৭

তারিখঃ ২৪ আশ্বিন, ১৪২৫ বঙ্গাব্দ
০৯ অক্টোবর, ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয়ঃ নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ে ১৭/০১/২০১৬ খ্রিঃ তারিখ অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার ২.১০ (ক) এর সিদ্ধান্ত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে খুলনা উন্নয়ন কর্তৃপক্ষে গঠিত নৈতিকতা কমিটির ২৪/০৯/২০১৮ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য চেয়ারম্যান এর অনুমোদনক্রমে এসাথে প্রেরণ করা হলো।

০৯/১০

(লস্কার তাজুল ইসলাম)
উপসচিব
সচিব
খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ
খুলনা।
ফোন-(০৪১)৭২২৩৮৬
ফ্যাক্স-(০৪১)৭২৫১৫৪
ই-মেঃ kda@kda.gov.bd

সচিব
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপিঃ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

০১। অতিরিক্ত সচিব (উন্নয়ন-২), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। উপসচিব, প্রশাসন শাখা-৬, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

✓০৩। সহকারী প্রোগ্রামার, কেডিএ, খুলনা। (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।

খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ
খুলনা।

বিষয় : কেডিএর নৈতিকতা কমিটির ১ম কোয়ার্টারের (জুলাই/১৮-সেপ্টেম্বর/১৮ মাসের) সভার কার্যবিবরণী।
সভাপতি : লস্কার তাজুল ইসলাম, চেয়ারম্যান (ভা:), কেডিএ, খুলনা।
তারিখ ও সময় : ২৪ সেপ্টেম্বর/২০১৮, সোমবার, সকাল ১০.০০ টা।
স্থান : সম্মেলন কক্ষ।

সভায় নিম্নোক্ত সদস্যগণ উপস্থিত ছিলেন।

| | | |
|---|---|---|
| ১। | প্রধান প্রকৌশলী<br>কেডিএ, খুলনা। | সদস্য |
| ২। | জনাব মুনতাসির মামুন<br>সহকারী প্রকৌশলী<br>কেডিএ, খুলনা। | সদস্য |
| ৩। | জনাব মো: মামুনুল আবেদীন<br>অডিট অফিসার<br>কেডিএ, খুলনা। | সদস্য-সচিব ও<br>ফোকাল পয়েন্ট কর্মকর্তা |

এছাড়াও কমিটির আহবানে কেডিএ'র আরো কিছু কর্মকর্তা ও কর্মচারী সভায় উপস্থিত ছিলেন (পরিশিষ্ট-ক)।

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানান। মন্ত্রণালয়ে প্রেরিত কেডিএ'র ২০১৮-২০১৯ শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা প্রনয়ন ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষন কাঠামোর প্রতি দৃষ্টি আকর্ষন করে সভাপতি উক্ত কাঠামোর ক্রমানুসারে উক্ত অর্থ বছরের প্রথম কোয়ার্টারের (জুলাই/১৮-সেপ্টেম্বর/১৮) কার্যক্রমের উপর আলোচনা করার জন্য সভাকে অনুরোধ করেন।

বিস্তারিত আলোচনার মাধ্যমে সর্বসম্মতিক্রমে গৃহীত সিদ্ধান্তসমূহ ধারাবাহিকভাবে উপস্থাপন করা হয়।

| সভার ক্রমিক নং | পরিবীক্ষণ কাঠামোর ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|---|
| ১ | ১.১ | নৈতিকতা কমিটির সভা। | শুদ্ধাচার কাঠামো অনুযায়ী প্রতি কোয়ার্টারে নৈতিকতা কমিটির ১ টি সভা অনুষ্ঠানের কার্যক্রম রাখা হয়েছে। | প্রতি কোয়ার্টারে এই সভা অনুষ্ঠান অব্যাহত রাখতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | নৈতিকতা কমিটি |
| ২ | ১.৩ | সেবাবক্স হালনাগাদকরণ। | কেডিএ একটি সেবামূলক প্রতিষ্ঠান। কেডিএ হতে যে সকল সেবা প্রদান করা হয় সে সকল সেবার তালিকা ওয়েব সাইটে শুদ্ধাচার সেবা বক্সে হাল নাগাদ করার বিষয়ে গুরুত্বারোপ করা হয়। সেবাবক্স হালনাগাদ করার উদ্দেশ্যে প্রত্যেক সেবাদানকারী শাখা হতে | প্রতি কোয়ার্টারের ১০ তারিখের মধ্যে সেবা বক্স হাল নাগাদ করার সিদ্ধান্ত গৃহীত হলো। | নৈতিকতা কমিটি ও সহকারী প্রোগ্রামার |

| সভার ক্রমিক নং | পরিবীক্ষণ কাঠামোর ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|---|
| | | | তালিকা NIS নির্দেশিকাতে প্রদত্ত নির্দেশনার আলোকে শুদ্ধাচার সেবাবক্স হালনাগাদ করণ অব্যাহত রাখার এবং কোয়ার্টার শুরুর ১০ তারিখের মধ্যে নৈতিকতা কমিটি ও সহকারী প্রোগ্রামার এর বরাবরে প্রেরণ করবেন ও সহকারী প্রোগ্রামার তা আপলোডের ব্যবস্থা এবং নৈতিকতা কমিটি ছকে অন্তর্ভূক্ত করবেন মর্মে সভায় আলোচনা হয়। | | |
| ৩ | ২.২ | সচেতনতা বৃদ্ধিমূলক সভা/প্রশিক্ষণ আয়োজন। | কর্মকর্তা/কর্মচারীদের অংশ গ্রহণে নিয়মিত উপস্থিতি বিধিমালা-১৯৮২ সরকারী কর্মচারী আচরণ বিধিমালা-১৯৭৯ এবং সচিবালয় নির্দেশমালা-২০১৪ এর বিষয়ে সভা/প্রশিক্ষণ আয়োজন করার জন্য শুদ্ধাচার কার্যক্রম ২০১৮-২০১৯ এর নির্দেশনা আছে। সে অনুযায়ী অদ্য প্রশিক্ষণ এর আয়োজন করা হয়েছে এবং ২০ জন প্রশিক্ষনার্থী অংশ গ্রহণ করেছেন। (উপস্থিতি-পরিশিষ্ট-"ক") | অদ্য ২০ জন এর অংশগ্রহণে প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে এবং পরবর্তীতে নির্ধারিত সময়ে প্রশিক্ষণ সম্পন্ন করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসন ও সাধারণ শাখা এবং নৈতিকতা কমিটি |
| ৪ | ২.৩ | জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ে কর্মকর্তা/কর্মচারী দের প্রশিক্ষণ প্রদান। | সোনার বাংলা গড়ার প্রত্যয়ে সরকারী প্রতিষ্ঠানে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন করার জন্য সরকার গুরুত্বারোপ করেছেন। এজন্য কর্মকর্তা/ কর্মচারীদের সে বিষয়ে প্রশিক্ষণ দেয়া প্রয়োজন। এজন্য অদ্য প্রশিক্ষনের আয়োজন করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে অদ্য প্রশিক্ষণ সম্পন্ন করা হয়েছে। শুদ্ধাচার কাঠামো উল্লিখিত কোয়ার্টার অনুযায়ী শুদ্ধাচার কৌশল সম্পর্কে পরবর্তীতেও প্রশিক্ষণ প্রদানের আয়োজন করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসন ও সাধারণ শাখা/ নৈতিকতা কমিটি |

| সভার ক্রমিক নং | পরিবীক্ষণ কাঠামোর ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|---|
| ৫ | ১.১ | ওয়েব সাইটে তথ্য অধিকার আইন হালনাগাদকরণ। | তথ্য অধিকার আইন জনগণকে তথ্য জানার অধিকার দেয়া হয়েছে। সে অনুযায়ী তথ্য বক্স হাল নাগাদ করার বিষয়ে সভার সকলে একমত পোষন করেন। | তথ্য অধিকার আইন অনুযায়ী তথ্য সেবা বক্স হাল নাগাদ করতে হবে। তথ্য অধিকার আইন এবং সেবাবক্স হালনাগাদ করার বিষয়ে শুদ্ধাচার কাঠামো অনুসরণ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট ও সহকারী প্রোগামার |
| ৬ | ১.৪ | দুদকে স্থাপিত হটলাইন স্ব-স্ব তথ্য বাতায়নে সংযুক্ত করণ। (টোল ফ্রি) | সততা ও জবাবদিহিতার লক্ষ্যে দুদকে স্থাপিত হট লাইন তথ্য বাতায়নে সংযুক্ত করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | দুদকে তথ্য বাতায়নে সংশ্লিষ্ট তথ্য হাল নাগাদ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট ও সহকারী প্রোগামার |
| ৭ | ১.৫ | তথ্য অধিকার আইন-২০০৯, তথ্য প্রমাণ আইন ২০১১ তথ্য তথ্য প্রমাণ আইন ২০১৭ অবহিত করণ। | তথ্য অধিকার আইন ও তথ্য সুরক্ষা আইন সম্পর্কে কর্মকর্তা/কর্মচারীদের অবহিত করা জাতীয় শুদ্ধাচারের অংশ বিধায় সেগুলি সম্পর্কে কর্মকর্তা/ কর্মচারীদের অবহিত করা প্রয়োজন। এজন্য অদ্য সভায় সকলকে অবহিত করা হয়েছে মর্মে সভায় আলোচনা করা হয়। | সংশ্লিষ্ট আইন সম্পর্কে কর্মকর্তা/কর্মচারীদের অবহিত করা হয়েছে এবং এ ধারা অব্যাহত থাকবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট ও সহকারী প্রোগামার |
| ৮ | ১.৬ | স্বপ্রনোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা হাল নাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ। | স্বপ্রনোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা হালনাগাদ করে ওয়েব সাইটে প্রকাশ করার বিষয়ে আলোচনা হয়। | শুদ্ধাচার কাঠামো ২০১৮-২০১৯ তে বর্ণিত তারিখ মোতাবেক স্ব-প্রনোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা ওয়েবসাইটে হাল নাগাদ করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসন ও সাধারণ শাখা এবং সহকারী প্রোগ্রামার |
| ৯ | ১.৯ | অভিযোগ প্রতিকার হালনাগাদ। | ওয়েবসাইটে অভিযোগ প্রতিকার (GRS) সেবা বক্স হাল নাগাদ করা হয়েছে। | ওয়েবসাইটে অভিযোগ প্রতিকার শুদ্ধাচার কাঠামোতে বর্ণিত সময়ে হালনাগাদ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রোগ্রামার |

১০। প্রতিটি নৈতিকতা সভা/শুদ্ধাচার কাঠামো বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত সভায় শাখা প্রধানগণকেও উপস্থিত থাকার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।

১১ সভায় আর কোন আলোচ্য সূচী না থাকায় সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(লস্কার তাজুল ইসলাম)
চেয়ারম্যান (ভা:)
কেডিএ, খুলনা
ও
সভাপতি
শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কমিটি।

স্মারক নম্বর- ২৫.৪১.০০০০.০০৭.০৬.০০৭.১৪.১৮ - ৩৮২২/১৫ তারিখঃ ১২/৬/ ১৪২৫ বঙ্গাব্দ
২৭/৯/ ২০১৮ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো:

০১। সচিব, কেডিএ, খুলনা।
০২। প্রধান প্রকৌশলী, কেডিএ, খুলনা।
০৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কেডিএ, খুলনা।
০৪। অথরাইজড অফিসার, কেডিএ, খুলনা।
০৫। পরিকল্পনা অফিসার, কেডিএ, খুলনা।
০৬। সিনিয়র বৈষয়িক অফিসার, কেডিএ, খুলনা।
০৭। অর্থ ও হিসাব রক্ষণ অফিসার, কেডিএ, খুলনা।
০৮। নির্বাহী প্রকৌশলী (প্রকল্প), কেডিএ, খুলনা।
০৯। নির্বাহী প্রকৌশলী (রক্ষণাবেক্ষণ), কেডিএ, খুলনা।
১০। নির্বাহী প্রকৌশলী (পূর্ত), কেডিএ, খুলনা।
১১। অডিট অফিসার, কেডিএ, খুলনা।
১২। সহকারী সচিব, কেডিএ, খুলনা।
১৩। জনাব মুনতাসির মামুন, সহকারী প্রকৌশলী, কেডিএ, খুলনা।
১৪। সহকারী প্রোগ্রামার, কেডিএ, খুলনা।
১৫। একান্ত সচিব, চেয়ারম্যান, কেডিএ, খুলনা (চেয়ারম্যান মহোদয়ের অবগতির জন্য)।

২৫/০৯/১৮

(মোঃ মামুনুল আবেদীন)
অডিট অফিসার
কেডিএ, খুলনা
এবং
সদস্য-সচিব ও
ফোকাল পয়েন্ট কর্মকর্তা
শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কমিটি।